# সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসের জন্য একটি নির্দেশিকা

সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসগুলো বিশেষজ্ঞ স্কুল ব্যবস্থা যা **উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীদের** একত্রিত করে।

অনুরূপ ক্ষমতা রয়েছে এমন সহপাঠীদের সাথে শেখা শিক্ষার্থীদের একাডেমিক বিকাশ এবং কল্যাণে সহায়তা করে।

শিক্ষার্থীরা তবুও NSW-এর পাঠ্যক্রম অনুসরণ করে, তবে শিক্ষকরা উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীদের জন্য বিশেষ শিক্ষণ কৌশল ব্যবহার করতে পারেন।

প্রতিটি সহশিক্ষামূলক অপর্চুনিটি ক্লাস এবং সিলেক্টিভ হাই স্কুলে মেয়ে ও ছেলেদের জন্য সমান সংখ্যক আসন থাকবে।

## সিলেক্টিভ হাই স্কুল

৪ ধরনের সিলেক্টিভ হাই স্কুল রয়েছে:

- **সম্পূর্ণ সিলেক্টিভ হাই স্কুল** - এগুলো এমন স্কুল যেখানে সকল শিক্ষার্থীরকে স্থান নির্ধারণী পরীক্ষার ভিত্তিতে নির্বাচিত করা হয়েছে
- **আংশিকভাবে সিলেক্টিভ হাই স্কুল** - এগুলো এমন স্কুল যেখানে নির্বাচিত শিক্ষার্থী এবং স্থানীয় এলাকার শিক্ষার্থীদের মিশ্রণ রয়েছে
- **এগ্রিকালচারাল সিলেক্টিভ হাই স্কুল** - এগুলো হল এমন স্কুল যেগুলো কৃষি অধ্যয়নের উপর জোর দেয় এবং সকল শিক্ষার্থীদের তাদের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত করা হয়। এই স্কুলগুলোর মধ্যে কিছু বোর্ডিং প্রদান করে যেখানে শিক্ষার্থীরা ক্যাম্পাসে থাকে
- **Aurora College** –এগুলো হল অনলাইন সিলেক্টিভ ক্লাস। এগুলো গ্রামীণ এবং প্রত্যন্ত অঞ্চলে স্থানীয় সরকারী হাই স্কুলের মধ্যে হয়ে থাকে।

## অপর্চুনিটি ক্লাস

অপর্চুনিটি ক্লাস ইয়ার ৫ এবং ইয়ার ৬-এর উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীদের জন্য। এগুলো NSW জুড়ে বেশ কয়েকটি সরকারি প্রাথমিক স্কুলে দেওয়া হয়।

Aurora College তাদের স্থানীয় প্রাথমিক স্কুলে গ্রামীণ এবং প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার্থীদের জন্য অনলাইন অপর্চুনিটি ক্লাস প্রদান করে।

## তারা কোথায় অবস্থিত?

মেট্রোপলিটন, আঞ্চলিক এবং গ্রামীণ NSW জুড়ে সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসগুলো রয়েছে। আপনার কাছাকাছি একটি স্কুলের জন্য নীচের মানচিত্রগুলো দেখুন।

- অপর্চুনিটি ক্লাসের সন্ধান করুন
- সিলেক্টিভ হাই স্কুলের সন্ধান করুন


CC BY

# আমি কীভাবে জানব যে এটি আমার সন্তানের জন্য উপযুক্ত?

আপনার সন্তান কি:

- শেখা উপভোগ করে
- তীব্র কৌতূহল আছে
- ভাল স্মৃতিশক্তি দেখায়
- জটিল প্রশ্ন জিজ্ঞাসা করে
- নতুন জিনিস শেখার সময় কম পুনরাবৃত্তি করে
- চিন্তাভাবনার সৃজনশীল উপায় প্রদর্শন করে
- তাদের আগ্রহ বা আবেগের ক্ষেত্রে তীব্রভাবে মনোনিবেশ করে?

যদি এগুলোর মধ্যে কয়েকটি আপনার সন্তানের মধ্যে দেখা যায় তবে তার জন্য একটি অপর্চুনিটি ক্লাস বা সিলেক্টিভ হাই স্কুল উপযুক্ত হতে পারে।

# কিভাবে আমি আবেদন করব?

পিতামাতারা অনলাইনে আবেদনের সময়কালে এখানে আবেদন করুন: shsoc.education.nsw.gov.au

## ২০২৭ সালের জন্য অপর্চুনিটি ক্লাস বা সিলেক্টিভ হাই স্কুলে প্রবেশ

২০২৭ সালে ভর্তির জন্য আবেদনের সময়সীমা **৬ নভেম্বর ২০২৫** থেকে **২০ ফেব্রুয়ারি ২০২৬** পর্যন্ত।

### আমি যখন আবেদন করব তখন আমার সন্তান কোন ইয়ারে থাকবে?

**অপর্চুনিটি ক্লাস**

পিতামাতারা আবেদন করবেন যখন তাদের সন্তান ২০২৫ সালে ইয়ার ৩-এর শেষের দিকে বা ২০২৬ সালে ইয়ার ৪-এর শুরুতে থাকে।

**সিলেক্টিভ হাই স্কুল**

পিতামাতারা আবেদন করবেন যখন তাদের সন্তান ২০২৫ সালে ইয়ার ৫-এর শেষের দিকে বা ২০২৬ সালে ইয়ার ৬-এর শুরুতে থাকে।

কে অপর্চুনিটি ক্লাসের জন্য আবেদন করতে পারে এবং কে সিলেক্টিভ হাই স্কুলের জন্য আবেদন করতে পারে সে সম্পর্কে আবেদন প্রক্রিয়া এবং আবাসিক প্রয়োজনীয়তা সম্পর্কে আমাদের ওয়েবসাইট থেকে আরও জানুন।

# প্লেসমেন্ট টেস্ট

আপনি আবেদন করার পরে, আপনার সন্তানের অবশ্যই একটি পরীক্ষায় বসতে হবে। এরপরে শিক্ষার্থীদের তাদের পরীক্ষার পারফরম্যান্সের ভিত্তিতে প্লেসমেন্টের জন্য নির্বাচন করা হয়।

## পরীক্ষা কখন হবে?

পরীক্ষাটি ২ দিন নেয়া হবে:

**সিলেক্টিভ হাই স্কুল টেস্ট: শুক্রবার ১ মে এবং শনিবার ২ মে ২০২৬**

**অপর্চুনিটি ক্লাস টেস্ট: শুক্রবার ৮ মে এবং শনিবার ৯ মে ২০২৬**

শিক্ষার্থীরা শুধুমাত্র একটি পরীক্ষার দিন উপস্থিত থাকবে এবং কম্পিউটার-ভিত্তিক প্লেসমেন্ট পরীক্ষায় বসতে তাদের নিজস্ব কম্পিউটার আনতে হবে **না।**

## পরীক্ষাগুলো কোথায় অনুষ্ঠিত হবে?

পরীক্ষাগুলো বেশিরভাগই স্থানীয় NSW সরকারী হাই স্কুলগুলোতে অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীরা কোন স্কুলে যায় তার উপর ভিত্তি করে তাদের একটি পরীক্ষা কেন্দ্রের স্থান নির্ধারণ  করা হবে। পরীক্ষার দিন অভিভাবকদের তাদের সন্তানকে পরীক্ষা কেন্দ্রে নিয়ে যেতে হবে।

## পরীক্ষায় কি থাকবে?

পরীক্ষাটি শিক্ষার্থীদের পড়ার বোধগম্যতা, গাণিতিক যুক্তি এবং সমালোচনামূলক চিন্তা করার ক্ষমতা মূল্যায়ন করে। সিলেক্টিভ হাই স্কুলের জন্য প্রার্থীদের লেখার ক্ষমতাও মূল্যায়ন করা হয়।

আরও জানুন: প্লেসমেন্ট পরীক্ষা।

# আমি কখন আমার সন্তানের ফলাফল সম্পর্কে জানতে পারব?

আপনার সন্তান পরীক্ষায় বসার পরে, আপনি তাদের পরীক্ষার পারফরম্যান্স এবং পরবর্তী পদক্ষেপগুলোর ব্যাপারে টার্ম ৩-এ একটি ইমেল পাবেন। যদি আপনার সন্তানকে কোনও স্থান দেওয়া হয় তবে আপনি কীভাবে ভর্তি করবেন সে সম্পর্কে তথ্য পাবেন।

# ইক্যুইটি প্লেসমেন্ট মডেল

ইক্যুইটি প্লেসমেন্ট মডেল সকল শিক্ষার্থীদের সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসে ন্যায়সঙ্গত স্থান পেতে সাহায্য করে।

এই মডেলের অধীনে, প্রতিভাধর এবং উচ্চ সম্ভাবনাময় শিক্ষার্থীরা প্রতিটি সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসে ২০% পর্যন্ত আসন পেতে পারে:

- শিক্ষা গ্রহণের ক্ষেত্রে নিম্ন সুবিধা ভোগী সমাজের শিক্ষার্থীরা
- যারা আদিবাসী এবং/অথবা টরেস স্ট্রেইট আইল্যান্ডার
- গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চল হতে আসা শিক্ষার্থী
- প্রতিবন্ধী শিক্ষার্থী।

শিক্ষার্থীদের প্লেসমেন্ট পরীক্ষায় তাদের পারফরম্যান্সের ভিত্তিতে স্থানগুলো অফার করা হয়।

আরও জানুন ন্যায্য প্রবেশ।

**সকল NSW সরকারী স্কুলে প্রতিভাধর শিক্ষার্থীদের সহায়তা করা**

সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসগুলো হল উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীদের সমর্থন করার অন্যতম উপায় যা NSW শিক্ষা বিভাগ করে থাকে ।

NSW-এর সকল সরকারী স্কুল প্রতিভাবান এবং উচ্চ সম্ভাবনাময় শিশুদের তাদের সম্পূর্ণ সম্ভাবনা উপলব্ধি করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করে। বিভাগের প্রতিভাধর এবং উচ্চ সম্ভাবনাময় শিক্ষা নীতি সম্পর্কে আরও জানুন।

## আরও তথ্যের প্রয়োজন?

আরো বিস্তারিত তথ্যের জন্য নিম্নলিখিত ওয়েবপেজ চেক করুন।

## পিতামাতা এবং যত্নদানকারীদের জন্য ওয়েবপেজ

- **সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাস:** education.nsw.gov.au/shs-oc
- **সিলেক্টিভ হাই স্কুল:** education.nsw.gov.au/shs-yr7
- **অপর্চুনিটি ক্লাস:** education.nsw.gov.au/oc

## শিক্ষার্থীদের জন্য ওয়েবপেজ

- **শিক্ষার্থীদের জন্য সিলেক্টিভ হাই স্কুল এবং অপর্চুনিটি ক্লাসের তথ্য:** edu.nsw.link/shs-oc-students
- **অপর্চুনিটি ক্লাসের জন্য আবেদন:** স্টুডেন্ট রিসোর্স হাব: edu.nsw.link/OChub
- **সিলেক্টিভ হাই স্কুলের জন্য আবেদন:** স্টুডেন্ট রিসোর্স হাব: edu.nsw.link/SHShub

## সামাজিক মাধ্যম

আমাদের অফিসিয়াল ডিপার্টমেন্ট ফেসবুক গ্রুপে যোগ দিন:

- **সিলেক্টিভ হাই স্কুলে স্থান:** edu.nsw.link/shs-fb
- **অপর্চুনিটি ক্লাস:** edu.nsw.link/oc-fb

## আমাদের সাথে যোগাযোগ করুন

সিলেক্টিভ এডুকেশন টিম (Selective Education Team)-এর সাথে যোগাযোগ করুন:

**ইমেইল:** set@det.nsw.edu.au

**ফোন:** 1300 880 367

**টেলিফোন দোভাষী পরিষেবা: 131 450**

আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন এবং অপারেটরকে বলুন:

- আপনার যে ভাষা প্রয়োজন
- আপনি যে ফোন নম্বরে কল করতে চান

অপারেটর সিলেক্টিভ এডুকেশন টিম নম্বরটিতে (1300 880 367) কল করবে এবং আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবে। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।